কুষ্টিয়ায় বিশ্ব মা দিবসে নারী মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের সংবর্ধনা

“বিশ্ব মা দিবস” উপলক্ষে কুষ্টিয়ায় পুনাকের উদ্যোগে কুষ্টিয়ায় নারী মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল রবিবার বিকেলে কুষ্টিয়া পুলিশ লাইন্স’র সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক) কুষ্টিয়ার সভানেত্রী ও কুষ্টিয়ার পুলিশ সুপারের সহধর্মিণী দিলরুবা আলম।

এসময় নারী মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের সংবর্ধনা প্রদানকালে তিনি বলেন, আপনাদের (নারী মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনা) সম্মান রাষ্ট্রের সবচাইতে সম্মান জনক ব্যক্তি জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দিয়ে গেছেন। আপনাদের অবহেলা করার কোনো সুযোগ নেই। তিনি আরও বলেন, আপনারা আমার মা। আমি মা জননী হিসাবেই আপনাদের সম্মান করব।

অনুষ্ঠানে নারী মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের সম্মাননা স্মারক ক্রেষ্ট, ফুল ও উপহার সামগ্রী প্রদান করেন।
অনুষ্ঠানে পিবিআই কুষ্টিয়ার পুলিশ সুপার (সহধর্মিণী) মিসেস নার্গিস সরোয়ারসহ পুনাকের অন্যান্য সদস্যরা এসময় উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় সেপটিক ট্যাংকে নেমে দুই রাজমিস্ত্রির মৃত্যু

কুষ্টিয়ায় টয়লেটের সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে সাদেক আলী (৪০) ও মানিক হোসেন (৩০) নামের দুই রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে।

শুক্রবার (৭ মে) সকাল ৭টার দিকে সদর উপজেলায় পৌরসভার ১৪ নম্বর ওয়ার্ডের যুগিয়া কদমতলা এলাকার
আমিরুল ইসলামের বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত সাদেক আলী মিরপুর উপজেলার তালবাড়িয়া ইউনিয়নের পশ্চিম গোবিন্দপুর গ্রামের মৃত স্বামীর মল্লিকের ছেলে। আর নিহত মানিক হোসেন সদর উপজেলার হরিপুর ইউনিয়নের হরিপুর গ্রামের মন্ডলপাড়া এলাকার রুহুল আমিনের ছেলে।
তারা দুজনেই রাজমিস্ত্রির কাজ করতেন। এই মর্মান্তিক দুর্ঘটনা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

পুলিশ, নিহতের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার সকালে যুগিয়া কদমতলা এলাকায় মৃত মাহাতাব উদ্দিনের ছেলে আমিরুল ইসলামের নতুন ভবনের সেপটিক ট্যাংকের কাজ করতে যান রাজমিস্ত্রি মানিক। কিছুক্ষণ পর তার সাড়াশব্দ না পেয়ে সাদিক সেপটিক ট্যাংকের ভেতরে ঢোকেন। তিনি ট্যাংক থেকে মানিকের নিথর দেহ ওপরে তুলে আনেন। এ সময় সাদিকও মাটিতে লুটিয়ে পড়ে মৃত্যুবরণ করেন।

পরে ঘটনাস্থলে ফায়ার সার্ভিসের সদস্যরা উপস্থিত হন। ঘটনাস্থল থেকে কুষ্টিয়া মডেল থানা পুলিশ মানিক ও সাদিকের মরদেহ উদ্ধার করে।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শওকত কবির বলেন, মানিক ও সাদিক যুগিয়া কদমতলা এলাকায় আমিরুল ইসলামের বাড়িতে সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে নিহত হয়েছেন। তাদের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে মর্গে পাঠানো হয়েছে।

শেখ হাসিনার নির্দেশ একটা মানুষ যেন না খেয়ে থাকে: হানিফ

আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহাবুব-উল আলম হানিফ বলেছেন শেখ হাসিনার নির্দেশ একটা

মানুষ যেন না খেয়ে থাকে।

শুক্রবার সকালে কুষ্টিয়ায় শেখ কামাল স্টেডিয়াম মাঠে করোনাকালীন ঈদ উপহার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, করোনা দুর্যোগে যেখানে বিশ্বের উন্নত দেশগুলো হিমশিম খেয়ে গেছে, লাখ লাখ লোক যেখানে মারা যাচ্ছে, সেখানে আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অত্যন্ত দক্ষতার সঙ্গে সরকার, চিকিৎসক এবং বিশেষজ্ঞরা মিলে করোনা মোবাবিলা করতে সক্ষম হয়েছেন।

বাংলাদেশের মানুষ যেন কোন কষ্ট ভোগ না করে সেজন্য বর্তমান সরকার নানা প্রণোদনা দিয়ে যাচ্ছে উল্লেথ করে তিনি বলেন, আমাদের সরকার করোনাদূর্যোগ মোকাবেলায় কাজ করতে সক্ষম হয়েছে। সারাদেশে ৫০ লাখ পরিবারের জন্য প্রত্যেককে আড়াই হাজার করে টাকা প্রদান করছে। এই কুষ্টিয়ায় ৩৭ হাজার মানুষকে আড়াই হাজার টাকা দিয়েছে সরকার। এছাড়াও ভিজিডি ভিজিএফ দিয়েছে।

কুষ্টিয়ার ব্যবসায়ীদের প্রতি কৃতজ্ঞতা জানেয়ে এমপি হানিফ বলেন, গত বছরে করোনাকালীন সময়ে কুষ্টিয়ার ব্যভাসয়ীবৃন্দ ১ কোটি ২০ লাখ টাকা জেলা প্রশাসকের ত্রাণ তহবিলে দিয়েছিলো। এবারও কুষ্টিয়ার ব্যবসায়ীরা ডোনেশন দিয়ে প্রমান করেছে মানুষ মানুষের জন্য। তাদের ডোনেশন নিয়ে আমরা আপনাদের ঈদ উপলক্ষে খাদ্য সামগ্রী বিতরণ করতে পারছি। এজন্য আপনারা ব্যাবসায়ীদের জন্য দোয়া করবেন।

জেলা পরিষদের চেয়ারম্যান ও কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সভাপতি হাজী ররবিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারন সম্পাদক আজগর আলী, সাংগঠনিক সম্পাদক শেখ হাসান মেহেদী, কোষাধ্যক্ষ অজয় সুরেকা, শহর আওয়ামীলীগের সভাপতি তাইজাল আলী খান,সাধারন সম্পাদক ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতাসহ দলীয় নেতৃবৃন্দ, ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে তিন হাজার কর্মহীন, অসহায় ও দরিদ্র মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

কৃষকদের ভতুর্কীমূল্যে বিভিন্ন যন্ত্রপাতি দিচ্ছে সরকার: কামারুল

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেছেন, কৃষি খাতের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি আরও সহজলভ্য করার জন্য কৃষকদের ভতুর্কী মূল্যে বিভিন্ন যন্ত্রপাতি দিচ্ছে সরকার।

শুক্রবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা পরিষদ চত্বরে থেকে কৃষকের মাঝে শতকরা ৫০ ভাগ ভতুর্কিতে কম্বাইন্ড হারভেস্টার বিতরণকালে তিনি একথা বলেন।

তিনি বলেন, ‘চলমান করোনা পরিস্থিতিতে শ্রমিক-সংকট মোকাবিলায় বোরো ধান ঘরে তুলতে সারা দেশেই শতকরা ৫০ ভাগ ভর্তুকিতে কৃষকদের কম্বাইন্ড হারভেস্টার দেওয়ার সিদ্ধান্ত নেয় সরকার। চলমান করোনা পরিস্থিতিতে বোরো ধান সংগ্রহে শ্রমিক-সংকটের কারণে কৃষকের বাড়তি টাকা ব্যয় করতে হচ্ছে। এই সমস্যা সমাধানে সরকারের এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।’

এসময় মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)লিংকন বিশ্বাস, কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহলিা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

পরে কৃষক ফারুখ আলীর হাতে এই উন্নত কৃষিযন্ত্রের চাবি হস্তান্তর করা হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ বলেন, কম্বাইন্ড হারভেস্টার মেশিন দিয়ে একসঙ্গে ধান কাটা, মাড়াই, ঝাড়াই ও বস্তাবন্দি করা যাবে। এক একর জমির ধান বা গম কাটতে সময় লাগে মাত্র এক ঘণ্টা। প্রতি একরে জ্বালানি খরচ হয় মাত্র সাত থেকে আট লিটার ডিজেল। এতে খরচ বাঁচবে ৬১ ভাগ ও শ্রম বাঁচে ৭০ ভাগ। এই

হারভেস্টার দিয়ে দিনে প্রায় ৮ একর জমির ধান কাটা যাবে বলে জানান ওই কৃষি কর্মকর্তা।

দর্শনা পৌরসভায় ভিজিএফ কার্ডধারীদের মাঝে নগদ অর্থ বিতরণ

দর্শনার পারকষ্ণপুর-মদনা ইউনিয়নে ভিজিএফ কার্ডধারীদের মাঝে ঈদ উপলক্ষে নগদ অর্থ বিতরণ করা হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টায় দর্শনা পৌরসভার হল রুমে পৌর মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগর টগর।
তিনি বলেন, এ সরকার জনবান্ধব সরকার। দেশকে এগিয়ে নিতে আরেকবার জননেত্রী শেখ হাসিনা ছাড়া কোন বিকল্প রাস্তা নাই।
আলোচনা শেষে পৌর প্রাঙ্গনে স্বাস্থ্য বিধি মেনে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ভিজিএফ কার্ড ধারীদের মাঝে নগত অর্থ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি ৯টি ওয়ার্ডে জন প্রতি ৪৫০ টাকা করে ৩৩১৭ জনের মধ্যে নগদ অর্থ বিতরণ করেন।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল কবির সুমন, প্যানেল মেয়র-২ রেজাউর হক, এনামূল কবির, খালেকুজ্জামান প্রমুখ।

কুষ্টিয়ায় প্রতারণার দায়ে ব্যবসায়ীর ৩ মাসের কারাদন্ড

কুষ্টিয়ায় স্ক্র্যাচ কার্ডের মাধ্যমে (লটারি) মিথ্যা বিজ্ঞাপণ দ্বারা পণ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানে অভিযান পরিচালনা করে ”আরএমএম মার্কেটিং কনসেপ্ট” নামক এক প্রতিষ্ঠানকনের মালিককে তিন মাসের কারাদন্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।
গতকাল বৃহস্পতিবার বিকেলে কুষ্টিয়া সদর উপজেলার আইলচারা জোয়ার্দারপাড়া এলাকায় ”আরএমএম মার্কেটিং কনসেপ্ট” নামক প্রতিষ্ঠানে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট সবুজ হাসান।
এসময় তিনি জানান, স্ক্র্যাচ কার্ডের মাধ্যমে চটকদার মিথ্যা বিজ্ঞাপন (লটারি) ছাপিয়ে গ্রামের সহজ-সরল মানুষকে প্রতারিত করে পণ্য বিক্রয়, ভূয়া লাইসেন্স নম্বর ব্যবহারসহ বিভিন্ন প্রতারণামূলক কর্মকান্ড পরিচালনা করে আসছিলো কুষ্টিয়া জেলার আইলচারা জোয়ার্দার পাড়া এলাকায় ”আরএমএম মার্কেটিং কনসেপ্ট” নামক একটি ভুয়া প্রতিষ্ঠান।

গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রতারণার দায়ে প্রতিষ্ঠানটির মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ও ৪৫ ধারায় ৫০হাজার টাকা জরিমানা আদায় ও অনাদায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডের শাস্তি প্রদান করা হয়। তবে জরিমানা অনাদায়ে তাৎক্ষণিক আসামীকে কারাগারে প্রেরণ করা হয়। একই সাথে প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম অবৈধ ঘোষনা করে বন্ধ করে দেওয়া হয়৷
অভিযান পরিচালনাকালে কুষ্টিয়া জেলা পুলিশ, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর, সিভিল সার্জনের কার্যালয়, কুষ্টিয়া সহ আরও অনেকেই সার্বিক সহযোগিতা প্রদান করেন৷

ভেড়ামারায় ভতুর্কিতে কম্বাইন্ড হারভেস্টার বিতরণ

কুষ্টিয়ার ভেড়ামারায় কৃষকের মাঝে শতকরা ৫০ ভাগ ভতুর্কিতে ৩০ লাখ ৫০ হাজার টাকা মূল্যের একটি কম্বাইন্ড হারভেস্টার বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরে ভেড়ামারা উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে কৃষকের কাছে এই উন্নত কৃষিযন্ত্র হস্তান্তর করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা শাইখুল ইসলাম, উপসহকারী কৃষি অফিসার মুন্নাফ আলীসহ কৃষি বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ বলেন, কৃষি খাতের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি আরও সহজলভ্য করার জন্য কৃষকদের ভতুর্কী মূল্যে বিভিন্ন যন্ত্রপাতি দিচ্ছে সরকার।

তিনি বলেন, ‘চলমান করোনা পরিস্থিতিতে শ্রমিক-সংকট মোকাবিলায় বোরো ধান ঘরে তুলতে সারা দেশেই শতকরা ৫০ ভাগ ভর্তুকিতে কৃষকদের কম্বাইন্ড হারভেস্টার দেওয়ার সিদ্ধান্ত নেয় সরকার। চলমান করোনা পরিস্থিতিতে বোরো ধান সংগ্রহে শ্রমিক-সংকটের কারণে কৃষকের বাড়তি টাকা ব্যয় করতে হচ্ছে। এই সমস্যা সমাধানে সরকারের এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।’

উপজেলা কৃষি কর্মকর্তা শাইখুল ইসলাম বলেন, আমার উপজেলায় মোট দুইটি ৫০ ভাগ ভতুর্কিতে কম্বাইন্ড হারভেস্টার বিতরণ করা হয়েছে। এটি দিয়ে একসঙ্গে ধান কাটা, মাড়াই, ঝাড়াই ও বস্তাবন্দি করা যাবে।

এক একর জমির ধান বা গম কাটতে সময় লাগে মাত্র এক ঘণ্টা। প্রতি একরে জ্বালানি খরচ হয় মাত্র সাত থেকে আট লিটার ডিজেল। এতে খরচ বাঁচবে ৬১ ভাগ ও শ্রম বাঁচে ৭০ ভাগ। এই হারভেস্টার দিয়ে দিনে প্রায় ৮ একর জমির ধান কাটা যাবে বলে জানান ওই কৃষি কর্মকর্তা।

কাঙ্গালিনী সুফিয়ার পাশে কেন্দ্রীয় ছাত্রলীগ

কুষ্টিয়া শহরের জেলখানা মোড় থেকে ডান দিকে একটি রাস্তা চলে গেছে চৌড়হাস ফুলতলায়। তার আগেই এরশাদনগর নামক বস্তি এলাকা। সেখানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ প্রকল্পে আশ্রয়ণ প্রকল্প-২ তে একটা ঘর বরাদ্দ পেয়েছিলেন ‘বুড়ি হইলাম তোর কারণে’ গানের গায়িকা কাঙ্গালিনী সুফিয়া।
সেখানেই এক মেয়ে ও নাতনি নিয়ে তার বসবাস। বয়স বাড়ার সাথে সাথে তার স্মৃতিশক্তি লোপ পেয়েছে। তাছাড়া আগের মতো আর গান গাইতে পারেন না। আর এখন করোনার প্রাদুর্ভাবে সব কিছু বন্ধ থাকায় বিপাকে পড়েছেন তিনি।
কাঙ্গালিনী সুফিয়াকে নিয়ে সম্প্রতি কুদ্দুস বয়াতির একটি ভিডিও ভাইরাল হলে বিষয়টি নজরে আনেন কেন্দ্রীয় ছাত্র লীগের সভাপতি আল নাহিয়ান খান জয়। এরপর জেলা ছাত্রলীগের সভাপতির সাথে আলাপ করে কাঙ্গালিনী সুফিয়াকে খাদ্য সামগ্রীর পাশাপাশি নগদ অর্থ দিয়ে তার পাশে দাঁড়ায়।
শনিবার (২১ মে) বিকালে জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক খাদ্য সামগ্রী তুলে দেন কাঙালিনী সুফিয়ার হাতে।
জেলা ছাত্র লীগের সভাপতি আতিকুর রহমান অনিক জানান, কাঙ্গালিনী সুফিয়ার বর্তমান অবস্থা শোচনীয়। তার ঘরে খাবার নেই, নেই ওষুধ কেনার টাকা। করোনা পরিস্থিতিতে কুষ্টিয়ায় আটকা পড়ে। তার আগে কুদ্দুস বয়াতীর একটি ভিডিওতে সাহায্য চেয়ে বাঁচার আর্তনাদ জানান এ শিল্পী। বিষয় টি নজরে আনেন কেন্দ্রীয় ছাত্র লীগের সভাপতি আল নাহিয়ান খান জয়। এরপর ছাত্র লীগের সার্বিক সহযোগিতা এবং তত্বাবধানে বাংলাদেশ ছাত্র লীগের পক্ষ থেকে জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার সামগ্রী ও অর্থ সহায়তা প্রদান করি।
প্রধানমন্ত্রীর সহযোগিতাও কামনা করে কাঙ্গালিনী সুফিয়ার বলেন, গতবছর কুষ্টিয়ার ডিসি অফিস থেকে ১০ কেজি চাল ও এক কেজি আলু পেয়েছিলাম। মাঝে লালন একাডেমি থেকেও কিছু খাদ্য সামগ্রী পেয়েছিলাম সেগুলোও নেই। আমার বয়স হয়েছে। অসুখ বিসুখ লেগেই আছে। ওষুধ কেনার টাকাও নেই। তেমন কেউ খোঁজও নেয় না। এখানে আমি যে ঘরে থাকি, একটু বৃষ্টি হলেই পানি পড়ে। থাকার মতো পরিবেশ নেই। প্রতি মাসে অনেক টাকার ওষুধ লাগে।
প্রসঙ্গত, কাঙ্গালিনী সুফিয়া প্রায় ৩০টি জাতীয় ও ১০টি

আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছেন। গান রচনা করেছেন প্রায় ৫০০টি। তার বিখ্যাত গানের মধ্যে রয়েছে কোনবা পথে নিতাইগঞ্জে যাই ও পরাণের বান্ধব রে, বুড়ি হইলাম তোর কারণে।

কুষ্টিয়ায় মে দিবস পালন

কুষ্টিয়ায় ১৩৫ তম আন্তর্জাতিক শ্রমিক দিবস বা মে দিবস পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকালে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তর্বক অর্পন করেন জেলা প্রশাসক মোহাম্মদ সায়েদুল ইসলাম। জাতীয় শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখা।

এসময় কুষ্টিয়া জেলা জাতীয় লীগের যুন্ম সাধারণ সম্পাদক এইচ এম মতিউর রহমান, জাতীয় মহিলা শ্রমিক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি ও জাতীয় মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মেহেরুন নেসা বিউটি, জাতীয় শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখার সহ-সভাপতি মোঃ জিল্লুর রহমান, যুন্ম সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ তরিকুল হাসান মিন্টু কুষ্টিয়া শহর শ্রমিক লীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপন, কুষ্টিয়া শহর শ্রমিক লীগের যুন্ম সাধারণ সম্পাদক মোঃ শরিফুল ইসলাম রিপন, কুষ্টিয়া জেলা মটর শ্রমিক লীগের সভাপতি মোঃ সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক মোঃ মানিক প্রমুখ উপস্থিত ছিলেন৷

এদিকে মহান মে দিবস উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা করেছে কুষ্টিয়া জেলা সেনেটারী মোজাইক ও রংমিস্ত্রী সংযুক্ত নির্মাণ শ্রমিক ইউনিয়ন।

সকালে শহরের পুরাতন কাটাইখানা মোড় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করে সংগঠনটি।

শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে পুরাতন কাটাইখানা মোড় ৩ নং সমবায় মার্কেটের নিজ কার্যালয়ে এসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা, মে দিবস উপলক্ষ্যে ও মেহনতি শ্রমিকদের দাবী আদায়ের লক্ষ্যে আলোচনা করেন। এ সময় জেলা সেনেটারী মোজাইক

ও রংমিস্ত্রী সংযুক্ত নির্মাণ শ্রমিক ইউনিয়ন সভাপতি মো: সেকেন ও সাধারন সম্পাদক মো: জাকির, সিনিয়র সম্পাদক নুরু মিয়া, সহ-সভাপতি ফকির আলাউদ্দিন শাহ, মো: এজাজসহ ইউনিয়নের কার্যপরিষদের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ ছাড়া জেলা মটর শ্রমিক ইউনিয়ন, হোটেল রেস্তোরা শ্রমিক ফেডারেশন, পৌরসভা শ্রমিক ইউনিয়নসহ বিভিন্ন শ্রমিক সংগঠন দিনটি পালনে পৃথক পৃথক র্যালি, আলোচনা সভা ও সমাবেশ করেছে।

কুষ্টিয়ায় বৃদ্ধাশ্রমে শাড়ী, শুকনা খাবার, ঔষধ ও মাস্ক বিতরণ

কুষ্টিয়ায় পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক)’র উদ্যোগে বৃদ্ধ মহিলাদের মাঝে মাস্ক, শুকনো খাবার, শাড়ী-কাপড় ও ঔষধপত্রাদি বিতরণ করা হয়েছে।
গতকাল শুক্রবার সকালে কুষ্টিয়া শহরের পূর্বমজমপুর এলাকায় উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে’র ৩০ জন বৃদ্ধাদের মাঝে এসব বিতরণ করা হয়।

কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলমের সহধর্মিণী ও পুনাকের সভানেত্রী দিলরুবা আলম প্রধান অতিথি হিসেবে এ মহতি কার্যক্রমে অংশ গ্রহণ করেন।
পুনাক সভানেত্রী পূনর্বাসন কেন্দ্রের সকলের সাথে মতবিনিময়ে তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান ও চিকিৎসা সেবাসহ বিভিন্ন সমস্যার কথা জানতে পারেন এবং মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রের বৃদ্ধ মহিলাদের পাশে থেকে সেবা করার প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় পুনাকের সাধারণ সম্পাদিকা খায়রুন নেসা ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দসহ উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে”র পরিচালক অ্যাড. মিঠু, শিল্পী আক্তার উপস্থিত ছিলেন।